# উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

<u>নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার এপ্রিল/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।</u>

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ মিলনায়তন। |
| তারিখ ও সময় | ঃ ২৬-০৪-২০২৩খ্রিঃ, বেলা ১২:০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে ০৮ নং ক্রমিকে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার স্থলে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি হবে মর্মে সংশোধনী প্রস্তাব আনা হয়। উক্ত সংশোধনী প্রস্তাব সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

| | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। **<u>উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ</u>** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। এছাড়া বর্তমানে তীব্র তাপদাহ চলমান থাকায় স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক সকলকে সাবধানে চলাফেরা করার অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ২। **<u>উপজেলা কৃষি বিভাগ ঃ</u>** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে,<br>ক) চলমান বোরো মৌসুমে প্রায় ৭০% ধান পাকা এবং ৩০% ধান দানা অবস্থায় আছে। ধান কর্তন চলমান আছে। ধান ৮০% পাকলে দ্রুত কর্তন করার জন্য পরামর্শ দেয়া হচ্ছে।<br>খ) ৭০০ হেক্টর জমিতে আউশ ধানের আবাদের লক্ষ্যমাত্রা নিয়ে কৃষি বিভাগ কাজ করছে। ইতোমধ্যে ৩০০০ জন কৃষক/কৃষানীর মাঝে বিনা মূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে।<br>গ) তেল ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এবছর কৃষি বিভাগ ৪২৫ হেক্টর জমিতে সরিষা আবাদ করতে সফল হয়েছে। যা গত বছর ছিল ৩০ হেক্টর।<br>ঘ) এছাড়াও অনাবাদী জমি চাষাবাদের আওতায় আনার জন্য কৃষি বিভাগ কাজ করছে এবং বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা কৃষি অফিসার।<br>খ) সকল ইউপি চেয়ারম্যান |
| ৩। **<u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ</u>** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রানিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় সুফলভোগী খামারীদের মাঝে ব্যবসা পরিকল্পনা বিষয়ক এবং পারিবারিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষন কর্মসূচী অনুষ্ঠিত হয়। উক্ত প্রকল্পের আওতায় ৯০ জন সুফলভোগী খামারীদের মাঝে ম্যাট, বালতি, মগ ও ল্যাকটোমিটার উপকরণ বিতরন করা হয়। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৪। **<u>পরিবার পরিকল্পনা বিভাগ ঃ</u>** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, পরিকল্পনা বিভাগের অন্তর্গত চরহাজারী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রতে ২৪/৭ কার্যক্রম চালুর জন্য উক্ত ইউনিয়নের চেয়ারম্যান এর নিকট ঐ স্বাস্থ্যকেন্দ্রটির ৩টি রুমের সংস্কার করার আবেদন করেন । চরফকিরা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রতে বেসরকারি প্যারামেডিক্স দ্রুত নিয়োগের জন্য উক্ত ইউপি চেয়ারম্যানকে আবেদন করেন। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৫। **<u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ</u>** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার ০৯টি বিদ্যালয়ের জন্য বাউন্ডারি ওয়াল ও গেইটের তালিকা অধিদপ্তর থেকে পাওয়া গেছে। বাংলা বিষয়ের নতুন কারিকুলাম অনুযায়ী প্রতিটি বিদ্যালয় থেকে ১ জন করে মোট ৯০ জনকে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ২০২৩ সালে অত্র উপজেলায় যোগদানকৃত সর্বমোট ৫৬ জন নতুন শিক্ষকের বেতন, বোনাসসহ যাবতীয় পাওনাদি ঈদের আগে পরিশোধ করা হয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |

<table>
<tr>
<td>৬। মৎস্য বিভাগ ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ১ নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত জাটকা ধরা, ক্রয়, বিক্রয় নিষিদ্ধ করা হয়েছে। আগামী ২০ মে-২৩ জুলাই পর্যন্ত গভীর সমুদ্রে মাছ ধারার কার্যক্রম বন্ধ করা হয়েছে। জেলেদের এ বিষয়ে সচেতন করা হচ্ছে। এছাড়া উপজেলা মৎস্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান।</td>
<td>বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>৭। এলজিইডি ঃ<br>(১) ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) আওতায় অনুমোদিত কাজ গুলো বাস্তবায়নের জন্য ঠিকাদার নির্বাচন পূর্বক কার্যাদেশ প্রদান করা হয়। যেহেতু তামাদিযোগ্য তাই ১০ জুন ২০২৩ ইং তারিখের মধ্যে সমাপ্ত করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং সদস্যগণকে সহযোগিতা প্রদানের জন্য প্রস্তাব করেন।<br>(২) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় (এডিপি) কাজ বাস্তবায়নের জন্য ২০২২-২৩ অর্থবৎসরের e-GP পদ্ধতি অনুযায়ী দরপত্র আহবান করা হয়। তাই বিধি মোতাবেক বহুল প্রচারের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রকাশিত পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য প্রস্তাব করেন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিজ্ঞপ্তি নং</th><th>পত্রিকার নাম</th><th>বিল</th></tr>
<tr><td rowspan="3">০১</td><td rowspan="3">বিজ্ঞপ্তি নং-০৩/২০২২-২৩</td><td>দৈনিক ইনকিলাব</td><td>৪১৪০০.০০</td></tr>
<tr><td>দৈনিক অবজারভার</td><td>২৪২৮৮.০০</td></tr>
<tr><td>দৈনিক জাতীয় নিশান</td><td>২১৮৫০.০০</td></tr>
<tr><td></td><td>মোট</td><td></td><td></td></tr>
</table>
(৩) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এজিইডি) অত্র উপজেলায় ল্যাবরেটরি স্থাপন করেন। উপজেলা পর্যায়ে মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে টেষ্ট সম্পাদন করা হলে নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত হবে। এই ল্যাবরেটরি উপজেলা পর্যায়ের অন্যান্য দপ্তর ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কাজের গুণগতমান নিশ্চিতে ভূমিকা রাখবে। এ ব্যাপারে সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য প্রস্তাব করেন।</td>
<td>(১)২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) খাতের কার্যক্রম বাস্তবায়নের জন্য কার্যাদেশ প্রদান করা হয়। কাজ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যান এবং সদস্যগণ সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) কাজ বাস্তবায়নের জন্য ২০২২-২৩ অর্থ বৎসরের e-GP পদ্ধতি অনুযায়ী দরপত্র আহবান করা হয়। তাই বিধি মোতাবেক বহুল প্রচারের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিজ্ঞপ্তি নং</th><th>পত্রিকার নাম</th><th>বিল</th></tr>
<tr><td rowspan="3">০১</td><td rowspan="3">বিজ্ঞপ্তি নং-০৩/২০২২-২৩</td><td>দৈনিক ইনকিলাব</td><td>৪১৪০০.০০</td></tr>
<tr><td>দৈনিক অবজারভার</td><td>২৪২৮৮.০০</td></tr>
<tr><td>দৈনিক জাতীয় নিশান</td><td>২১৮৫০.০০</td></tr>
<tr><td></td><td>মোট</td><td></td><td></td></tr>
</table>
সরকারি কাজের স্বার্থে বহুল প্রচারিত পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এজিইডি) অত্র উপজেলায় ল্যাবরেটরি স্থাপন করেন। উপজেলা পর্যায়ে মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে টেষ্ট সম্পাদন করা হলে নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত হবে। এই ল্যাবরেটরি উপজেলা পর্যায়ের অন্যান্য দপ্তর ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কাজের গুণগতমান নিশ্চিতে ভূমিকা রাখবে। এ ব্যাপারে সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার /<br>উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল)</td>
</tr>
<tr>
<td>৮। মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>১) মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি মাসে বরাদ্দ অনুযায়ী ইউনিয়ন পর্যায়ে আবেদন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে স্ব-স্ব ইউনিয়ন চেয়ারম্যানদেরকে অনুরোধ জানানো হচ্ছে এবং ১৫ তারিখের মধ্যে আবেদন কপিসহ প্রয়োজনীয় ডকুমেন্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন। সিরাজপুর ইউপি চেয়ারম্যান অভিযোগ করেন বিডব্লিউবি চালের বস্তায় চাল কম পাওয়া গেছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।<br>২) ভিডব্লিউবি এর কার্যক্রমের আওতায় ডিও লেটারে উল্লিখিত তারিখ অনুযায়ী চাল বিতরণ ও ট্যাগ অফিসারদের উপস্থিতিতে চাল বিতরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>এছাড়া মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে মহিলা বিষয়ক কর্মকর্তার যে বক্তব্য</td>
<td>মার্চ/২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে মহিলা বিষয়ক কর্মকর্তার যে বক্তব্য তা প্রত্যাহার করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| পাওয়া যায় তা মূলত তার ছিল না , তার পক্ষে তার প্রতিনিধি জনাব আলী মিয়া, একাউন্টস অফিসার, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী মূলত চেয়ারম্যান, সিরাজপুর ইউপি এর বক্তব্যই তুলে ধরেন। তিনি বক্তব্যটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করেন। | | |
| ৯। **সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট কার্যক্রম সম্পাদন করা হয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১০। **খাদ্য বিভাগ ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, আসন্ন বোরো মৌসুমে সরকার ৩০/- টাকা কেজি দরে সরকারি খাদ্য গুদামে সরাসরি কৃষকদের নিকট থেকে ধান ক্রয় করবে। উজেলা কৃষি অফিস, কোম্পানীগঞ্জ, উপজেলা খাদ্য অফিস কোম্পানীগঞ্জ ও সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে রেজিস্ট্রেশন করে কৃষকরা ধান বিক্রয় করতে পারবে। অন্যান্য সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১। **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ৩০ এপ্রিল এসএসসি. দাখিল ও কারিগরী পরীক্ষা শুরু হবে এ বছর অত্র উপজেলায় সর্বমোট ৩০৪৯ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে। মোট পরীক্ষা কেন্দ্র মোট ৭ টি । পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হওয়ার লক্ষ্যে ইতোমধ্যে সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১২। **পরিসংখ্যান বিভাগ ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৩। **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ঃ** উপজেলা সহকারী প্রোগ্রামার বলেন,<br>ক) অত্র উপজেলায় অবস্থিত সকল ল্যাব পরিদর্শন করা হয়েছে।<br>খ) ই-নথি এর কার্যক্রম চলমান রয়েছে।<br>গ) ডিজিটাল কন্টেন্ট এবং সাইবার সিকিউরিটি নিয়ে সেমিনার এবং জি-মেইল টু স্টেপ ভেরিফিকেশন নিয়ে আলোচনা করা হয়। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার |
| ১৪। **যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৫। **বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৬। **জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭। **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮। **ডিজিএম (পল্লী বিদ্যুৎ) :** ডিজিএম (পল্লী বিদুৎ) সভায় জানান যে, বর্তমানে চাহিদা ১৫ মেঘা ওয়াট এবং প্রাপ্তি ১৫ মেঘা ওয়াট যার ফলে বর্তমানে লোডশেডিং নেই। অনেক সময় কারিগরি কারনে লাইনে সমস্যা হওয়ায় বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক করতে সময় লাগে কারন প্রায় ৭৫ কি :মি : দূর থেকে কোম্পানীগঞ্জ উপজেলায় চৌমুহনী গ্রীড থেকে বিদ্যুৎ সরবরাহ করা হয়। এছাড়া বর্তমানে বিদ্যুৎ পরিস্থিতি ভালো আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (পল্লী বিদুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ১৯। **পল্লী উন্নয়ন অফিস ঃ** পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২০। **বিএডিসি বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় জানান যে, সেচ কাজে ব্যবহৃত ব্যক্তিগত গভীর ও অগভীর নলকূপের লাইসেন্স এর আবেদন ও তদন্ত কার্যক্রম চলমান রয়েছে। কৃষি কাজে ব্যবহারের জন্য ০৭টি নলকূপ স্থাপনের আবেদন সরেজমিন তদন্তক্রমে প্রতিবেদন দাখিল করা হয়েছে। আবেদনকারী ০৭জন কৃষকের অনুকূলে লাইসেন্স প্রদান করা যেতে পারে। | তদন্ত প্রতিবেদন অনুযায়ী কৃষি কাজে ব্যবহারের জন্য ০৭ জন কৃষকের অনুকূলে নলকূপ স্থাপনের নিমিত্ত লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) |

| | | |
|---|---|---|
| ২১। <u>তথ্য কেন্দ্র</u> : তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, ডোর টু ডোর সেবা (প্রাথমিক স্বাস্থ্য), অনলাইন সেবা, প্রাথমিক স্বাস্থ্য সেবা, কৃষি ও ব্যবসায় সম্পর্কিত তথ্য সেবা এবং উঠান বৈঠক (প্রতি মাসে ০২টি করে) ও তথ্য কেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২২। চেয়ারম্যান, ০২ নং চরপার্বতী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের কিছু ঘরে বিদ্যুৎ সংযোগ দেয়া দরকার। আশ্রয়ণ প্রকল্পের ঘরগুলোর মধ্যে ২০/৩০ পরিবার নিজেরা থাকেন অন্য ২০টি ঘর ভাড়া উপকারভোগীরা ভাড়া দিয়ে রেখেছেন। এছাড়া আশ্রয়ণ প্রকল্পের সামনে একটি কালভার্ট/ব্রীজ করা প্রয়োজন। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৩। চেয়ারম্যান, ০৩ নং চরহাজারী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নে এলজিইডি এর ৬ কোটি টাকার যে প্রকল্প চলমান সেখানে ব্রীজের মালামাল অত্যন্ত নিম্নমানের। এলজিইডি এর লোকজন তাদের অবহিত করেন নাই। শান্তিরহাট-রংমালা রাস্তার কাজ ২ বছর হলেও এখনও শেষ হয়নি যার ফলে জনগণের দুর্ভোগ বাড়ছে। আসন্ন বর্ষা মৌসুমে পানি নিষ্কাশনের জন্য কিছু কালভার্ট করা প্রয়োজন। এছাড়া চরহাজারীতে এতিমখানার তালিকা প্রনয়নের জন্য অনুরোধ করেন। বেশ কয়েকটি এতিমখানায় প্রকৃত এতিমরা থাকেনা বেশির ভাগই স্বচ্ছল পরিবারের সন্তানেরা থাকে এ বিষয়ে তদন্তের অনুরোধ জানান। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৪। প্যানেল চেয়ারম্যান, ০৪নং চরকাঁকড়া ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, ফুলতলী থেকে মুক্তিযোদ্ধা আবুল বাসার সড়কে ১১০ মিটার করা হলে জনসাধারন উপকৃত হবে। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৫। চেয়ারম্যান, ০৫নং চরফকিরা ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নে ০৮নং ওয়ার্ডে খননকৃত ডাঙ্গির খালে প্যারাসাইডিং ওয়াল স্থাপনের অনুরোধ করেন। এছাড়া চরফকিরা ইউনিয়নের ব্যারাকে কয়েকটি বক্স কালভার্ট স্থাপন করা প্রয়োজন বলে জানান। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৬। প্যানেল চেয়ারম্যান, ০৮ নং চরএলাহী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নে ০৪, ০৫ ও ০৬নং ওয়ার্ডে তীব্র নদী ভাঙ্গন হচ্ছে। নদী ভাঙ্গন এলাকায় জনগণ স্থানান্তরিত হয়ে অন্যত্র গিয়ে বাড়ীঘর করেছে এবং সেখানে বিদ্যুৎ সংযোগের আবেদন করেন। এছাড়া বাদামতলীর পশ্চিমে একটি খাল সংস্কারের আবেদন করেন এবং চরএলাহীতে কিছু সংখ্যক টিউবওয়েল স্থাপন করার অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৭। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট নেই তাদের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য অনুরোধ করেন। | যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট নেই তাদের ওয়েব পোর্টাল আপডেট করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৮। উপজেলা পরিষদ বিবিধ :<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালি ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল এবং উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন (নতুন ও পুরাতন) এর আঙ্গিনা উপজেলা পরিষদ পুকুরপাড় ও উপজেলা পরিষদের রাস্তা পরিষ্কার পরিচ্ছন্ন করার মজুরী বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(গ) উপজেলা পরিষদ কমপ্লেক্স (নতুন ভবন) এর ইন্টারনেট সংযোগ প্রদান, ইন্টারনেট সংক্রান্ত যন্ত্রপাতি ক্রয় ও মাসিক ইন্টারনেট বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(ঘ) পুরাতন সিসি টিভি ক্যামেরা মেরামত ও নতুন সিসি টিভি ক্যামেরা সংযোগ প্রদানের বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(ঙ) ২০১৯-২০ অর্থবছরে আশ্রয়ন প্রকল্পের প্রকল্প বাস্তবায়নের জন্য দৈনিক খোলা কাগজ ও দি ডেলি স্টার পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করা হয়। প্রকাশিত পত্রিকার বিল পরিশোধের জন্য আশ্রয়ণ প্রকল্পের কোন বরাদ্দ না থাকায় পত্রিকার বিল পরিশোধ করা যায়নি। উপজেলা পরিষদ | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন (নতুন ও পুরাতন) এর আঙ্গিনা উপজেলা পরিষদ পুকুরপাড় ও উপজেলা পরিষদের রাস্তা পরিষ্কার পরিচ্ছন্ন করার মজুরী বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদ কমপ্লেক্স (নতুন ভবন) এর ইন্টারনেট সংযোগ প্রদান, ইন্টারনেট সংক্রান্ত যন্ত্রপাতি ক্রয় ও মাসিক ইন্টারনেট বিল উপজেলা পরিষদ রাজস্ব | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ |

রাজস্ব তহবিল হতে উক্ত পত্রিকা ২টিসহ নিম্ন বর্ণিত চারটি পত্রিকায় বিজ্ঞাপনের বিল পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।

| ক্র: নং | খাত/বিষয় | পত্রিকার নাম | বিল |
|---|---|---|---|
| ০১ | আশ্রয়ন প্রকল্প | দৈনিক খোলা কাগজ | ৮০০০.০০ |
| ০২ | | দ্যা ডেইলি স্টার | ১৮০১৬.০০ |
| ০৩ | হাট-বাজার ইজারা | দৈনিক যুগান্তর | ৫৪০০০.০০ |
| ০৪ | জলমহাল ইজারা | দৈনিক আমার সংবাদ | ৫৪০০০.০০ |
| | মোট | | ১৩৪০১৬.০০ |

(চ) স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ১৪.০২.২০২৩ খ্রি: তারিখের ৮৭ নং স্মারকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ০৭ (সাত) টি স্কীম বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদনের পত্রটি সভায় উপস্থাপন করা হয়। ০৭ (সাত) টি স্কীমের মধ্যে নিম্নবর্ণিত ০৪ (চার) টি স্কীম/প্রকল্প অফ-লাইনে দরপত্র আহ্বানের মাধ্যমে এবং ০৩ (তিন) টি স্কীম RFQ পদ্ধতিতে প্রকল্প বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।

অফ-লাইনে দরপত্র আহ্বানের মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রকল্পসমূহ

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন ও হল রুমের প্রশাসনিক ভবনের সেমিনার রুমে এসি সরবরাহ | ৪,৬৫,০০০/- |
| ০২ | উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনের সেমিনার রুমে আসবাবপত্র সরবরাহ | ৭,৮৫,৭০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের সেমিনার রুমে সাউন্ড সিস্টেম সরবরাহ | ৩,০৪,২১০/- |
| ০৪ | প্রশাসনিক ভবন ও হলরুমের সামনে আরসিসি রাস্তা ও মাটি ভরাটকরণ | ১৩,৫৯,১২৫/- |

RFQ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য প্রকল্পসমূহ

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনের নিরাপত্তার জন্য গ্রীল নির্মাণ | ৩,৬৯,৬৩১/- |
| ০২ | উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক হল রুম এলাকায় পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ | ৫,৯৬,৫৩৮/- |
| ০৩ | উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের গেইট নির্মাণ | ১,১৫,৬০৫/- |

তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) পুরাতন সিসি টিভি ক্যামেরা মেরামত ও নতুন সিসি টিভি ক্যামেরা সংযোগ প্রদানের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) বর্ণিত ৪টি পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) অনুমোদন প্রাপ্ত ০৭ (সাত) টি স্কীমের মধ্যে উল্লিখিত ০৪ (চার) টি স্কীম/প্রকল্প অফ-লাইনে দরপত্র আহ্বানের মাধ্যমে এবং ০৩ (তিন) টি স্কীম RFQ পদ্ধতিতে প্রকল্প বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩- ৮৮৯ তারিখ ঃ ১০ মে ২০২৩

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।

০৭। উপজেলা ........................................................ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৮। চেয়ারম্যান, ...........................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪৯৪২০৪
E-mail: unocompaniganjnoakhali@mopa.gov.bd